

## আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | الْإِسْرَاءُ (بَنِي إِسْرَائِيلَ)

আয়াতঃ ১৭ : ৯২

আরবি মূল আয়াত:

أَوْ تَسْقُطَ السَّمَاءَ كَمَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًا أَوْ تَأْتِيَ بِاللَّهِ وَالْمَلَائِكَةِ قَبِيلًا

﴿ ৯২ ﴾

অনুবাদসমূহ:

‘অথবা তুমি যেমনটি ধারণা কর, সে অনুযায়ী আসমানকে খন্ড খন্ড করে আমাদের উপরে ফেলবে, অথবা আল্লাহ ও ফেরেশতাদেরকে আমাদের মুখোমুখি নিয়ে আসবে’। — আল-বায়ান

অথবা (যতক্ষণ না) তুমি আকাশকে টুকরো টুকরো করে আমাদের উপর ফেলবে যেমন তুমি বলে থাক (যে তা ঘটবে) কিংবা আল্লাহ আর ফেরেশতাগণকে সরাসরি আমাদের সামনে এনে দেবে। — তাইসিরুল

অথবা তুমি যেমন বলে থাক, তদনুযায়ী আকাশকে খন্ড বিখন্ড করে আমাদের উপর ফেলবে, অথবা আল্লাহ ও মালাইকাদেরকে আমাদের সামনে উপস্থিত করবে। — মুজিবুর রহমান

Or you make the heaven fall upon us in fragments as you have claimed or you bring Allah and the angels before [us] — Sahih International

৯২. অথবা তুমি যেমন বলে থাক, সে অনুযায়ী আকাশকে খণ্ড-বিখণ্ড করে আমাদের উপর ফেলবে, অথবা আল্লাহ ও ফিরিশতাদেরকে আমাদের সামনে উপস্থিত করবে,

-

তাকসীরে জাকারিয়া

(৯২) অথবা তুমি যেমন বলে থাকো, সেই অনুযায়ী আকাশকে খন্ড-বিখন্ড করে আমাদের উপর ফেলবে অথবা আল্লাহ ও ফিরিশতাদেরকে আমাদের সামনে উপস্থিত করবে। [1]

[1] অর্থাৎ, আমাদের সামনে এসে দাঁড়িয়ে যাবেন আর আমরা তাঁদেরকে স্বচক্ষে দেখে নিব।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন